

১৭ ৬

যুবদল-ছাত্রদল নেতাদের কোটা দাবী

রাজশাহী বিআইটির নিয়োগ পরীক্ষা স্থগিত

রাজশাহী অফিস ॥ বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) রাজশাহীর কর্মকর্তা-কর্মচারী নিয়োগ পরীক্ষা ছাত্রদল ও যুবদল নেতা-কর্মীদের বাধার মুখে পড়তে হয়েছে। কর্মকর্তা-কর্মচারী নিয়োগে দলীয় নেতা-কর্মীদের সুযোগ না দেয়ায় তগুল হুম জুজ্বারের নিয়োগ পরীক্ষা। শুক্রবার দুপুরে কোটা দাবী মেটাতে ব্যর্থ হয়ে বিআইটির পরিচালক ডঃ কেরামত আলী অনিবার্য কারণ দেখিয়ে অনির্দিষ্টকালের জন্য নিয়োগ পরীক্ষা স্থগিতের ঘোষণা দেন। বিভিন্ন পদে ৭৩ জন কর্মকর্তা-কর্মচারীর নিয়োগ দেবার কথা। এই ৭৩টি পদে মহানগর ছাত্রদলের সভাপতি শফিকুল হক মিলন, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শফিক, ছাত্রদল নেতা আনোয়ার হোসেন উজ্জল এবং ২৫ নং ওয়ার্ড কমিশনার তরিকুল ইসলাম পৃথকভাবে কোটা দাবী করেন।